# বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী কারখানা ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষের জন্য পরিপালনীয় উল্লেখযোগ্য বিধানাবলী

- শ্রম আইনের বিধান মোতাবেক শ্রমিক কর্মচারীদের নির্ধারিত তথ্য সম্বলিত নিয়োগপত্র এবং ছবিসহ পরিচয়পত্র প্রদান করতে হবে। [ধারা ৫]
- নিয়োজিত শ্রমিক কর্মচারীদের শ্রম আইনের বিধান মোতাবেক নির্ধারিত তথ্য সম্বলিত সার্ভিস বই সংরক্ষণ করতে হবে। [ধারা ৬, ৭]
- কোন পেশায় বা প্রতিষ্ঠানে কোন শিশুকে নিয়োগ করা যাবে না বা কাজ করতে দেয়া যাবে না। [ধারা ৩৪]
- কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত নারী শ্রমিকদের প্রসূতিকালীন ১৬ সপ্তাহের ছুটি ও ভাতা প্রদান নিশ্চিত করতে হবে। [ধারা ৪৬, ৪৭, ৪৮]
- স্থায়ী জনবল কাঠামোর কোন পদে ঠিকাদার সংস্থার মাধ্যমে কোন শ্রমিক বা কর্মী নিয়োগ করা যাবে না। [বিধি ১৬(৫)]
- কারখানা ভবন/স্থাপনা নিরাপদভাবে তৈরি করতে হবে এবং যন্ত্রপাতি (জেনারেটর, বয়লার, কমপ্রেসার ইত্যাদি) নিরাপদ স্থানে সকল প্রকার নিরাপত্তা ঘেরাসহ স্থাপন ও রক্ষণাবেক্ষণ করতে হবে। [বিধি ৩৫৪]
- বিশ জনের অধিক সংখ্যক ব্যক্তির কর্মসংস্থানযুক্ত কক্ষসমূহে কমপক্ষে দুইটি করে বহির্গমন পথ প্রতিবন্ধকতামুক্ত রাখতে হবে। [বিধি ৫৪(১)]
- কারখানায় পর্যাপ্ত সংখ্যক অগ্নি নির্বাপক যন্ত্র ও সরঞ্জাম এবং হোজরিল নির্দিষ্ট পয়েন্টসমূহে সচল রাখতে হবে। [ধারা ৬২(১), বিধি ৫৫(১,৭)]
- প্রযোজ্য ক্ষেত্রে কারখানায় 'অগ্নি নির্বাপনী পরিকল্পনা' থাকতে হবে এবং প্রশিক্ষিত অগ্নি নির্বাপক দল কর্তৃক নিয়মিতভাবে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করতে হবে। [ধারা ৬২, বিধি ৫৫(১০)]
- জরুরী বর্হিগমণ পথ ও দরজা চিহ্নিত করে প্রতিষ্ঠানব্যাপী ফায়ার এলার্মের ব্যবস্থা রাখতে হবে। [ধারা ৬২(৪)(৫), বিধি ৫৫(৮)]
- উপযুক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে বৈদ্যুতিক ওয়্যারিং, সরবরাহ ও নিয়ন্ত্রণ ব্যবস্থার সঠিকত্ব সনদ গ্রহণপূর্বক নিয়মিত পরীক্ষা করে রেকর্ড সংরক্ষণ করতে হবে। [বিধি ৫৮(২)(৮)(১০)]
- সকল উত্তোলক যন্ত্র (ক্রেন, লিফট, হয়েস্ট) আইনের বিধান মোতাবেক যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করত উপযুক্ত ব্যক্তির দ্বারা যথাসময়ে সম্পূর্ণভাবে পরীক্ষা করাতে হবে এবং উহাদের গায়ে নিরাপদ ভার বহন ক্ষমতা লিপিবদ্ধ করতে হবে। [ধারা ৬৮, ৬৯, বিধি ৬০]
- স্বাস্থ্য ঝুঁকি বিদ্যমান শিল্পের শ্রমিকদের পর্যাপ্ত ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে। [ধারা ৭৮ক, বিধি ৬৭]
- প্রত্যেক বৎসর শেষ হওয়ার নয় মাসের মধ্যে পূর্ববর্তী বৎসরের নীট মুনাফার পাঁচ শতাংশ (৫%) অর্থ ৮০ : ১০ : ১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদান করতে হবে। [ধারা ২৩৪]
- কারখানা ও প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধকল্পে মহামান্য হাইকোর্টের ২০০৯ সালের নির্দেশনা অনুযায়ী কার্যকর কমিটি গঠন করতে হবে।
- অনুমোদিত লে-আউট প্লানের সাথে কারখানার সকল স্থাপনার বাস্তব অবস্থার মিল থাকতে হবে এবং লে-আউট প্লানের কোন সংশোধন, পরিবর্তন ও সম্প্রসারণের পূর্বে অবশ্যই অনুমোদন নিতে হবে। [ধারা ৩২৫, বিধি ৩৫৪]
- বিভিন্ন শিল্পের জন্য সরকার ঘোষিত নিম্নতম মজুরির হার বাস্তবায়ন করতে হবে। [ধারা ১৪৮, ১৪৯, বিধি ১১১, ১৩৩]
- একশত জনের অধিক শ্রমিক কর্মরত কারখানা বা প্রতিষ্ঠানে মালিক প্রচলিত বীমা আইন অনুযায়ী বাধ্যতামূলক গ্রুপ বীমা চালু করিবেন। [ধারা ৯৯]
- পঞ্চাশের অধিক শ্রমিক কর্মরত কারখানা ও প্রতিষ্ঠানে সেইফটি কমিটি গঠন ও কার্যক্রম পরিচালনা করতে হবে। [ধারা ৯০ক, বিধি ৮০-৮৫)]
- চল্লিশ জনের অধিক মহিলা শ্রমিক নিয়োজিত কারখানা বা প্রতিষ্ঠানে ছয় বছরের কম বয়সী শিশুদের পরিচর্যার জন্য প্রশিক্ষিত আয়া সহকারে উপযুক্ত মানের শিশু কক্ষের ব্যবস্থা রাখতে হবে। [ধারা ৯৪, বিধি ৯৪]
- প্রসূতি সুবিধা গ্রহণকারীদের তথ্য সম্বলিত মাসিক রিটার্ন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে। [বিধি ৩৯(৬)]
- প্রতি বছর ১৫ জুলাইয়ের মধ্যে অর্ধ বার্ষিক বিবরণী এবং ১৫ ফেব্রুয়ারির মধ্যে বার্ষিক বিবরণী দাখিল করতে হবে। [ধারা ৩৩৩, বিধি ৩৬২]
- নতুন ব্যবস্থাপক নিযুক্ত হলে সাত দিনের মধ্যে পরিবর্তন সম্পর্কে উপমহাপরিদর্শককে অবহিত করতে হবে। [ধারা ৩২৫(৩)]
- সকল প্রকার দুর্ঘটনা (প্রাণঘাতী, গুরুতর, সামান্য) এবং বিপজ্জনক ঘটনার তথ্য নির্দিষ্ট কর্তৃপক্ষ এবং উপমহাপরিদর্শককে আটচল্লিশ ঘন্টার মধ্যে অবশ্যই অবহিত করতে হবে। [ধারা ৮০, ৮১]
- কর্মসংশ্লিষ্ট দুর্ঘটনা এবং পেশাগত ব্যাধির ক্ষেত্রে আইনের বিধান অনুযায়ী শ্রমিকদের ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। [ধারা ১৫০, ১৫১]
- মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই লাইসেন্স নবায়নের আবেদন করতে হবে। মেয়াদ পরবর্তী এক বছরের মধ্যে বিলম্ব ফি পরিশোধ সাপেক্ষে নবায়ন আবেদন না করলে লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। [ বিধি ৩৫৫(৩)]
- মানুষের জীবন ও নিরাপত্তার জন্য বিপজ্জনক অথবা ত্রুটিপূর্ণ প্রতীয়মান এরূপ কর্মস্থল নিরাপদ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট এলাকার পরিদর্শক লাইসেন্স সাময়িকভাবে স্থগিতসহ উৎপাদন সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দিতে পারিবেন। [ধারা ৬১, বিধি ৩৫৮(২)]
- মিথ্যা বিবরণী প্রদান অথবা রেকর্ড-রেজিস্টারে মিথ্যা তথ্য সংরক্ষণ শ্রম আইনে দন্ডনীয় অপরাধ। [ধারা ৩০৩]

**উপমহাপরিদর্শক**
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট

১ সেপ্টেম্বর ২০২৪

**টোল ফ্রি শ্রমিক হেল্পলাইন : ১৬৩৫৭ (সবসময়)**